



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড

দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (২য় সংশোধিত)

পল্লী ভবন (৬ষ্ঠ তলা)

৫, কাওরান বাজার, ঢাকা-১২১৫

www.iresppw-brdb.gov.bd

স্মারক নং- ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৯৫৯.১৬ -৩০

তারিখ : ১৫/০১/২০১৭ খ্রিঃ

জনাব মোঃ আব্দুল আলীম
ম্যানেজার, “পল্লী বাজার” সেলস সেন্টার
উত্তরা, ঢাকা।

স্থায়ী ঠিকানা

জনাব মোঃ আব্দুল আলীম
পিতা- মোঃ শামসুল আলম প্রামানিক
গ্রাম-দক্ষিণ পুস্তিগাছা, পোষ্ট-শলীবাজার, উপজেলা-উল্লাপাড়া, জেলা-সিরাজগঞ্জ।

বিষয় : চুক্তি বাতিলপূর্বক চুক্তিভিত্তিক নিয়োগ হতে অপসারণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানাচ্ছি যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (২য় সংশোধিত) প্রকল্পের উত্তরাস্থ সেলস সেন্টারে ম্যানেজার হিসেবে আপনার অদক্ষতা, অযোগ্যতা, অর্থ আত্মসাত ও দায়িত্বহীনতাসহ বিভিন্ন অনিয়মে জড়িত থাকার বিষয়টি তদন্তে সুস্পষ্টভাবে প্রমাণিত হওয়ায় নিম্নোক্ত কারণে কর্তৃপক্ষের অনুমোদনক্রমে প্রকল্পের সঙ্গে আপনার সম্পাদিত চুক্তি বাতিলপূর্বক প্রকল্পের চুক্তিভিত্তিক নিয়োগ হতে অপসারণ করা হলোঃ

ক) দায়িত্ব পালন কালীন সময়ে সেলস সেন্টারের মিস্ক ভিটার সামগ্রী বিক্রয় বাবদ ২৪,১৯২/- (চব্বিশ হাজার একশত বিরানব্বই) টাকা আত্মসাত হওয়ায় এবং পরবর্তীতে আপনি দোষ স্বীকার করতঃ বর্ণিত অর্থ ফেরত প্রদান করায় সরাসরি এ কাজে জড়িত থাকার বিষয়টি সুস্পষ্টভাবে প্রমাণিত হয়েছে;

খ) সেলস সেন্টারের সার্বিক পরিচালনায় আপনার ব্যর্থতার কারণে বিক্রয়যোগ্য পন্য সামগ্রীর বাবদ ৪৩০৪৫/- (তেতাল্লিশ হাজার পয়তাল্লিশ) টাকার মালামাল আত্মসাতে আপনার জড়িত থাকার বিষয়টি তদন্তে প্রমাণিত হয়েছে।

০২। আপনার আত্মসাতকৃত ৪৩০৪৫/- (তেতাল্লিশ হাজার পয়তাল্লিশ) টাকা আগামী ২০ কার্যদিবসের মধ্যে সেলস সেন্টারের হিসাবে জমা প্রদান করতঃ জমা স্লিপের ছায়ািলিপি অত্র দপ্তরে জমা প্রদানের নির্দেশ প্রদান করা হলো। ব্যর্থতায় আপনার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহন করা হবে।

স্বাক্ষরিত ১৫/০১/১৭

প্রকৌশলী মোহাম্মদ রাশেদুল আলম
প্রকল্প পরিচালক (ইরেসপো)
বিআরডিবি, ঢাকা।

ফোন নং-০২-৮১৮০১৪৪

তারিখ : ১৫/০১/২০১৭ খ্রিঃ

স্মারক নং- ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৯৫৯.১৬ -৩০

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)ঃ

১. হিসাব রক্ষক, “পল্লী বাজার” সেলস সেন্টার, উত্তরা, ঢাকা।
২. প্রোগামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা। (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
৩. উপ প্রকল্প পরিচালক(অর্থ ও উন্নয়ন), ইরেসপো, বিআরডিবি, ঢাকা।
৪. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা। (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
৫. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৬. অফিস কপি/ব্যক্তিগত নথি/গার্ড ফাইল।

আরিফুল হক

উপ প্রকল্প পরিচালক (প্রশাসন)
ইরেসপো, বিআরডিবি, ঢাকা
ফোন-৮১৮০১৪৩-১০৫